

## ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৬৩

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَن هلالِ بن عَامر عَن أَبِيه قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمِنَّى يَخْطُبُ عَلَى بَغْلَةٍ وَعَلَيْهِ بُرْدٌ أَحْمَرُ وَعَلِيٌّ أَمَامَهُ يُعَبِّرُ عَنْهُ. رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৪৩৬৩-[৬০] হিলাল ইবনু 'আমির (রহঃ) তাঁর পিতা হতে বর্ণনা করেন। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মিনায় একটি খচ্চরের উপরে বসে খুত্ববাহ্ (ভাষণ) দান করতে দেখেছি। সে সময় তাঁর গায়ে ছিল লাল বর্ণের চাদর, আর 'আলী (রাঃ) তাঁর সম্মুখে দাঁড়িয়ে লোকেদেরকে তাঁর বক্তব্য শুনাচ্ছিলেন (শুনার ব্যবস্থা করছিলেন)। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৪০৭৩, তাহকীক মুসনাদে আহমাদ ১৫৯৬২, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৬১৯৬, সুনানুন নাসায়ী আল কুবরা ৪০৯৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ এ হাদীসে দেখা যাচ্ছে, 'আলী (রাঃ) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বক্তব্য স্বীয় গলায় উচ্চৈঃস্বরে পুনরাবৃত্তি করছেন যাতে বহু মানুষের সমাবেশে উপস্থিত সবার কাছে বক্তব্য পৌঁছে। এর দ্বারা প্রমাণ হয় যে, বক্তার বক্তব্যকে বেশি মানুষের কাছে পৌঁছানোর জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে, যেমন আধুনিক যুগে মাইক, সাউন্ড সিস্টেম ইত্যাদি। এ হাদীসে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর গায়ে লাল চাদর ছিল বলে যারা লাল কাপড় পরাকে বৈধ মনে করেন তারা এই হাদীস দ্বারা দলীল পেশ করেন; যেমন-শাফি'ঈ, মালিকীগণ। ('আওনুল মা'বৃদ ৭ম খন্ড, হাঃ ৪০৬৯)

এ সম্পর্কে বিস্তারিত ও সিদ্ধান্তমূলক আলোচনা পূর্বের হাদীসের ব্যাখ্যায় করা হয়েছে। তাই এখানে আর



আলোচনার পুনরাবৃত্তি করা হলো না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ হিলাল ইবনু 'আমির (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন